

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
নিম্নতম মজুরী বোর্ড
শিল্প শাখা

নম্বর: ৪০.০৪.০০০০.০০২.৩৬.০০৮.২৩.৩৫

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সভার নোটিশ

বিষয়: “ফার্মাসিউটিক্যাল” শিল্পে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি হারের সুপারিশ করার জন্য নিম্নতম মজুরী বোর্ডের প্রথম সভার নোটিশ।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ ধারা মোতাবেক “ফার্মাসিউটিক্যাল” শিল্পে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি হারের সুপারিশ করার জন্য নিম্নতম মজুরী বোর্ডের প্রথম সভা আগামী ১১/০৩/২০২৪ খ্রিস্টাব্দ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ) মহোদয়ের সভাপতিত্বে বোর্ডের সভাকক্ষে (শাহ পোরশিয়া (১৪তম তলা), ৪০, সেগুনবাগিচা, ঢাকা-১০০০) অনুষ্ঠিত হবে।


২। উক্ত সভায় বোর্ডের সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি:

১। অভ্যাগতদের পরিচয় পর্ব;

২। “ফার্মাসিউটিক্যাল” শিল্পে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়ন এবং

৩। বিবিধ।



২৫-০২-২০২৪

রাইসা আফরোজ

সচিব

০২২২৩৩৮৪২৭৩

chairman_mwbdhaka@yahoo.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব ড. মোঃ কামাল উদ্দীন, অধ্যাপক, ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা - নিরপেক্ষ সদস্য, নিম্নতম মজুরী বোর্ড।;
- ২। জনাব মকসুদ বেলাল সিদ্দিকী, উপ-মহাসচিব, বাংলাদেশ এমপ্লয়র্স ফেডারেশন, চেম্বার বিল্ডিং (৫ম তলা), ১২২-১২৪, মতিঝিল, ঢাকা-১০০০ – মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য, নিম্নতম মজুরী বোর্ড।;
- ৩। জনাব সুলতান আহম্মদ, যুগ্ম-সাধারণ সম্পাদক, জাতীয় শ্রমিক লীগ, কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ -- শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য, নিম্নতম মজুরী বোর্ড।;
- ৪। জনাব মো: জাকির হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, ডেল্টা ফার্মা লিমিটেড, বাড়ী নং- ৫০১, রোড নং ৩৪, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা- “ফার্মাসিউটিক্যালস” শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য, নিম্নতম মজুরী বোর্ড।;
- ৫। জনাব মো: তুহিন, সহ-সভাপতি, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লি: শ্রমিক ও কর্মচারী ইউনিয়ন, বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লি:, টংগী, গাজীপুর “ফার্মাসিউটিক্যালস” শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিম্নতম মজুরী বোর্ড।;
- ৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা) সেগুনবাগিচা, ঢাকা-১০০০;
- ৭। সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর, চেয়ারম্যান এর দপ্তর, নিম্নতম মজুরী বোর্ড (চেয়ারম্যান মহোদয়কে অবহিতকরণের অনুরোধসহ);
- ৮। হিসাব রক্ষক, হিসাব শাখা, নিম্নতম মজুরী বোর্ড (আমন্ত্রিত অতিথিদের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) এবং
- ৯। অফিস কপি।

